**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
**মুখপাত্র**
**www.sec.gov.bd**

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২৪৯

তারিখ: ৩১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: আইপিও প্রক্রিয়া অধিকতর স্বচ্ছ, জবাবদিহিমূলক ও কার্যকর করতে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা।**

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) চেয়ারম্যান মাসুদ খান-এর সভাপতিত্বে অদ্য ১৫ জুলাই ২০২৬ রোজ বুধবার তারিখে রাজধানীর আগারগাওঁস্থ বিএসইসি কার্যালয়ে দেশের পুঁজিবাজারে প্রাথমিক গণপ্রস্তাব (Initial Public Offering-IPO) প্রক্রিয়াকে অধিকতর স্বচ্ছ, জবাবদিহিমূলক, দক্ষ ও আন্তর্জাতিক মানসম্পন্ন করার লক্ষ্যে পুঁজিবাজারের অংশীজনদের সঙ্গে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় বিএসইসির চেয়ারম্যান ও কমিশনারবৃন্দ, কমিশনের সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাসহ ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC), ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB), ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE), চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (CSE), ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (DBA), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (BAPLC), বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (BMBA), সিএফএ সোসাইটি বাংলাদেশ, বিভিন্ন মার্চেন্ট ব্যাংক, ইস্যু ম্যানেজার এবং সংশ্লিষ্ট অংশীজনদের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (পাবলিক অফার অব ইকুইটি সিকিউরিটিজ) রুলস, ২০২৫, আইপিও-সংক্রান্ত আর্থিক বিবরণী প্রস্তুত, নিরীক্ষা ও আইপিও আবেদন প্রক্রিয়ার বিভিন্ন দিক; নিরীক্ষকদের (Auditors), ইস্যু ম্যানেজারদের ও ইস্যুয়ারদের ভূমিকা ও দায়বদ্ধতা এবং আইপিও প্রক্রিয়াকে আরও কার্যকর ও বিনিয়োগকারীবান্ধব করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও আইপিও প্রাইজিং, পাবলিক ইন্টারেস্ট এনটিটির তালিকাভুক্তি, ডাইরেক্ট লিস্টিং, রাইট ইস্যুসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনায় অংশগ্রহণকারী বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার প্রতিনিধিরা আইপিও প্রক্রিয়ায় বিদ্যমান চ্যালেঞ্জ, বাস্তব অভিজ্ঞতা এবং সম্ভাব্য সংস্কার বিষয়ে তাঁদের মূল্যবান মতামত ও সুপারিশ উপস্থাপন করেন। কমিশন অংশীজনদের মতামত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে প্রয়োজনীয় নীতি সহায়তা ও আইনী সংস্কারের পদক্ষেপ গ্রহণের বিষয়ে আশ্বাস প্রদান করেন।

বিএসইসির চেয়ারম্যান মাসুদ খান, কমিশনার তানভীর হাবিব রহমান, সিপিএ, কমিশনার নাহিদ মাহতাব এবং কমিশনার মো. নাফিজ আল তারিক, সিএফএ, এফআরএম; ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (ICAB)-এর প্রেসিডেন্ট সাব্বির আহমেদ এফসিএ ও ভাইস প্রেসিডেন্ট আরিফুর রহমান, ডিএসই ব্রোকার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ডিবিএ) এর প্রেসিডেন্ট সাইফুল ইসলাম ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মো. মনিরুজ্জামান, ঢাকা স্টক এক্সচেঞ্জ (DSE)-এর ব্যবস্থাপনা পরিচালক নুজহাত আনোয়ার ও ভারপ্রাপ্ত চিফ রেগুলেটরি অফিসার (সিআরও) মোহাম্মদ শফিকুল ইসলাম ভূইয়া; চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (CSE)-এর ব্যবস্থাপনা পরিচালক এম. সাইফুর রহমান মজুমদার; বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশন (BMBA)-এর প্রেসিডেন্ট ইফতেখার আলম; বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানিজ (BAPLC)-এর নির্বাহী কমিটির সদস্য মো. কায়সার হামিদ ও সেক্রেটারি জেনারেল মো. আমজাদ হোসেন; ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC)-এর নির্বাহী পরিচালক মোঃ তারেক কামাল এফসিএ; আইডিএলসি ইনভেস্টমেন্টস লিমিটেড এর এজিএম মো. রাশিদুজ্জামান, ইউসিবি ইনভেস্টমেন্ট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা তানজিম আলমগির, সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সোহেল হক, এমটিবি ক্যাপিটাল লিমিটেডের সিইও সুমিত পোদ্দার, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এর সিইও মাজেদা খাতুন, সিএফএ সোসাইটি বাংলাদেশ এর পরিচালক সাদ মোহাম্মদ নিয়ামতুল্লাহ ও সেক্রেটারি এস এম গালিবুর রহমানসহ বিভিন্ন মার্চেন্ট ব্যাংক, ইস্যু ম্যানেজার ও বাজার-সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী এবং প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া বিএসইসির নির্বাহী পরিচালক, পরিচালক ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাসহ আরো অনেকে উক্ত সভায় উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৫/০৭/২০২৬

মোঃ আবুল কালাম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



